



## নির্বাচনে ইঞ্জিনিয়ারিং করে ফলাফল পরিবর্তন করা হয়েছে: জামায়াত সেক্রেটারি



মিয়া গোলাম পরওয়ার। ছবি: সংগৃহীত

জামায়াতে ইসলামীর সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার বলেছেন, নির্বাচনে টেম্পারিং ও কৌশল প্রয়োগ করে জামায়াত জোটকে হারানো হয়েছে এমন ধারণা জনগণের মধ্যে ব্যাপকভাবে রয়েছে।

রোববার (১৫ ফেব্রুয়ারি) খুলনার ফুলতলায় এক কর্মী সমাবেশে প্রধান অতিথির বক্তৃতায় তিনি আরও বলেন, নির্বাচনের পরের রাতেই গেজেট প্রকাশ এই ধারণাকে আরও জোরদার করেছে।

গোলাম পরওয়ার উল্লেখ করেন, জনগণ পরিবর্তনের পক্ষে রায় দিয়েছে সত্য, কিন্তু নির্বাচনী ইঞ্জিনিয়ারিং আমাদের দেশে দীর্ঘদিন ধরেই চলছে। জামায়াতসহ ১১ দলীয় জোট নির্বাচন কমিশনকে ৩২টি আসনে নির্দিষ্ট অভিযোগ জানিয়েছে। তিনি আরও জানান, যদিও দল কম আসন পেয়েছে, তবে ভোটের শতাংশে বড় দলের সঙ্গে তেমন ফারাক হয়নি। নির্বাচিত দল বিএনপি দুই শতাধিক আসন পেলেও ভোটের শতকরা হিসেবে তারা মাত্র ২.৭ শতাংশ এগিয়ে।

নির্বাচন পরবর্তী সহিংসতার প্রসঙ্গেও তিনি সতর্ক করেন। সারাদেশে দলের কর্মী ও সমর্থকের ওপর হামলা এবং বাড়িঘরে আগুন দেওয়ার ঘটনাগুলো উদ্বেগজনক। তিনি আশা প্রকাশ করেন, বিএনপির চেয়ারম্যান তারেক রহমান এসব বিষয়ে নজর দেবেন। তবে এখনও নেতাকর্মীরা খেমে যাননি। গোলাম পরওয়ার সকলকে ধৈর্য ধারণের আহ্বান জানিয়ে হুঁশিয়ারি দেন, পরিস্থিতি অব্যাহত থাকলে জনগণকে সঙ্গে নিয়ে রাজপথে নামতে হবে।